

## 🔳 আল-ফাতহ | Al-Fath | الْفَتْح

আয়াতঃ ৪৮:৫

## 💵 আরবি মূল আয়াত:

لِّيُدخِلَ المُومِنِينَ وَ المُؤمِنتِ جَنَّتٍ تَجرِى مِن تَحتِهَا الْاَنهُرُ خُلِدِينَ فِيهَا وَ يُكَفِّرَ عَنهُم سَيِّاتِهِم اللهِ وَ كَانَ ذُلِكَ عِندَ اللهِ فَوزًا عَظِيمًا ﴿٥﴾

## 

যেন তিনি মুমিন নারী ও পুরুষকে জান্নাতে প্রবেশ করাবেন যার নিচ দিয়ে নহরসমূহ প্রবাহিত; সেখানে তারা স্থায়ী হবে; আর তিনি তাদের পাপসমূহ ক্ষমা করবেন; আর এটি ছিল আল্লাহর নিকট এক মহাসাফল্য। — আল-

(তিনি এ কাজ করেন এজন্য) যাতে তিনি মু'মিন পুরুষ ও মু'মিনা নারীকে জান্নাতে প্রবিষ্ট করেন যার তলদেশে ঝর্ণাধারা প্রবাহিত। তাতে তারা চিরকাল থাকবে। তিনি তাদের পাপ মোচন করে দিবেন। আল্লাহর দৃষ্টিতে এটাই বিরাট সাফল্য। — তাইসিরুল

এটা এ জন্য যে, তিনি মু'মিন পুরুষ ও মু'মিন মহিলাদেরকে দাখিল করবেন জান্নাতে যার নিম্নদেশে নদী প্রবাহিত; সেখানে তারা স্থায়ী হবে এবং তিনি তাদের পাপ মোচন করবেন; এটাই আল্লাহর দৃষ্টিতে মহা সাফল্য। — মুজিবুর রহমান

[And] that He may admit the believing men and the believing women to gardens beneath which rivers flow to abide therein eternally and remove from them their misdeeds - and ever is that, in the sight of Allah, a great attainment - - Sahih International

৫. যাতে তিনি মুমিন পুরুষ ও মুমিন নারীদেরকে প্রবেশ করান জান্নাতে, যার নিচ দিয়ে নহরসমূহ প্রবাহিত, যেখানে তারা স্থায়ী হবে এবং তিনি তাদের পাপসমূহ মোচন করবেন; আর এটাই হলো আল্লাহর নিকট মহাসাফল্য।

তাফসীরে জাকারিয়া

(৫) এটা এ জন্য যে, তিনি বিশ্বাসী পুরুষদেরকে ও বিশ্বাসী নারীদেরকে প্রবেশ করাবেন জান্নাতে[1] যার নিম্নদেশে নদীমালা প্রবাহিত, যেখানে তারা স্থায়ী হবে এবং তিনি তাদের পাপরাশি মোচন করবেন: এটাই



## আল্লাহর নিকট মহা সাফল্য।

[1] शमीत्म এসেছে যে, মুসলিমরা যখন সূরা ফাৎহের প্রাথমিক অংশ শুনলেন, أيغُفِرَ لك اللهُ তখন তাঁরা নবী করীম (সাঃ)-কে বললেন, আপনাকে মুবারকবাদ! আমাদের জন্য কি রয়েছে? এরই ভিত্তিতে আল্লাহ لِيُدْخِلُ আয়াতটি অবতীর্ণ করলেন। (বুখারী, হুদাইবিয়া যুদ্ধ পরিচ্ছেদ) কেউ কেউ বলেছেন, এটি لِيَزْدَادُوْا विश्वा يَنْصُرُكُ किश्वा يَنْصُرُكُ এর সাথে সম্পৃক্ত।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4588

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন